

ড. ইউনুসরা শান্তি পুরস্কার পাইছে কিন্তু দেশের সমবায়ীদের শান্তি দেয় নাই-নৌপরিবহন প্রতিমন্ত্রী

বিরল (দিনাজপুর) ৫ নভেম্বর ২০২২

নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী এমপি বলেছেন, যে দলের চেয়ারম্যান বা প্রধান এতিমের টাকা আত্মসাৎ করে অপরাধী হয়েছে এবং আরেকজন পলাতক আছে-তাদের দিয়ে দেশের উন্নয়ন হতে পারেনা। তাদের দিয়ে দেশ চলেনা। দেশ ভাল আছে। ওরা দেশটাকে খারাপ করতে চায়, দেশটাকে পাকিস্তান-শ্রীলংকা বানাতে চায়। ড. ইউনুসরা শান্তি পুরস্কার পাইছে কিন্তু দেশের সমবায়ীদের শান্তি দেয় নাই। ঋণের জালে জর্জরিত করেছে। কিন্তু 'একটি বাড়ি একটি খামার' ৫০০ কোটি টাকা দিয়ে শুরু হয়েছিল। সেটি এখন হাজার হাজার কোটি টাকায় দাঁড়িয়েছে। এ বাংলাদেশকে প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার নেতৃত্বে আমরা সোনার বাংলা করেছি। এটাকে ধরে রাখতে হবে।


প্রতিমন্ত্রী আজ দিনাজপুরের বিরল উপজেলা পরিষদ অডিটরিয়ামে “বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন” প্রতিপাদ্য নিয়ে ৫১তম জাতীয় সমবায় দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে উপজেলা প্রশাসন ও সমবায় বিভাগ আয়োজিত সুধি সমাবেশে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন।

প্রতিমন্ত্রী বলেন, 'বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন' এ প্রতিপাদ্যকে সামনে রেখে জাতীয় সমবায় দিবস পালিত হচ্ছে। তিনি বলেন, বঙ্গবন্ধুর দর্শন শুধু সমবায়ের উন্নয়ন নয়; বঙ্গবন্ধুর দর্শন হচ্ছে বাংলাদেশের উন্নয়ন। প্রত্যেকটি বিষয়ে; প্রতিক্ষণ, প্রতিমুহূর্তে বঙ্গবন্ধুকে ধারণ করতে হবে। আমরা যদি ব্যক্তি ও সমাজ জীবনে প্রতিক্ষণ বঙ্গবন্ধুকে ধারণ করি তাহলে সার্বিকভাবে বাংলাদেশের উন্নয়ন সম্ভব। এটা আমরা গত ১৪ বছরে দেখেছি। প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার নেতৃত্বে সমগ্র দেশে অভূতপূর্ব উন্নয়ন হয়েছে।

খালিদ মাহমুদ চৌধুরী বলেন, যাদের কোন লক্ষ্য ঠিক নাই, যাদের আদর্শ ঠিক নাই, নীতি ঠিক নাই-তাদের দ্বারা কোন কল্যাণ হয়না। যদি কল্যাণ হতো-তাহলে ৭৫এ বঙ্গবন্ধুকে হত্যা করার পর জিয়া, এরশাদ, খালেদা জিয়ারা বাংলাদেশকে সোনার বাংলা বানাতে পারত। কিন্তু পারে নাই। তারা দেশকে দরিদ্রতায় জর্জরিত করে দিয়েছিল। তখন মানুষের খাওয়া ছিলনা, কাপড় ছিলনা, রাস্তাঘাট ছিলনা, শিক্ষা ছিলনা, চিকিৎসা ছিলনা-কিছুই ছিলনা। ছিল শুধু লুটপাট আর দুর্নীতি। আর কিছুই ছিলনা। ২০০৮সাল থেকে এবং ২০১৫ সাল থেকে বহু অরাজকতা হয়েছে কোন কাজ হয় নাই। নির্বাচন থেকে সরে দাঁড়িয়ে নির্বাচন বানচাল করতে পারে নাই। ৯৩ দিন অবরোধ দিয়ে বাংলাদেশকে থামাতে পারে নাই। এখন আবার নতুন করে ষড়যন্ত্র করছে। আমরা অপরাধি, ষড়যন্ত্রকারি ও জঙ্গিদের দমন করেছি। নির্মূল করতে পারিনি। এবার তাদের নির্মূল করতে হবে।

প্রতিমন্ত্রী পরে শ্রেষ্ঠ সমবায়ীদের মাঝে ট্রেস্ট প্রদান করেন।

এর আগে প্রতিমন্ত্রী বোচাগঞ্জ উপজেলার সেতাবগঞ্জে আব্দুর রৌফ চৌধুরী অডিটরিয়ামে ৫১তম জাতীয় সমবায় দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে বোচাগঞ্জ উপজেলা প্রশাসন ও সমবায় বিভাগ আয়োজিত সুধি সমাবেশে প্রধান অতিথির বক্তৃতা করেন।


মো. জাহাঙ্গীর আলম খান
সিনিয়র তথ্য অফিসার
নৌপরিবহন মন্ত্রণালয়
০১৭১১-৪২৫৩৬৪